

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/ ১৬১

৩০ মে ২০২৩

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ আগামী ১৮-২৪ জুন “স্বৈচ্ছায় রক্তদান” সপ্তাহ পালন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা জানেন, বাংলাদেশের অর্থনীতিতে তৈরি পোশাক শিল্প বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমানে তৈরি পোশাক রপ্তানির মাধ্যমে দেশের মোট রপ্তানির ৮৪% অর্জিত হচ্ছে এবং তৈরি পোশাক শিল্পে প্রায় ৪০ লক্ষেরও অধিক নাগরিকের কর্মসংস্থান হয়েছে।

সম্প্রতি দেশে কয়েকটি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে যার ফলে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। পোশাক কারখানাগুলোর ভবন ও অগ্নি নিরাপত্তা বৃদ্ধির জন্য ২১-২৭ মে “পরিস্কার-পরিচ্ছন্নতা এবং বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তা মেইনটেন্যান্স” সপ্তাহ পালন করা হয়েছে। পাশাপাশি দুর্ঘটনার শিকার মুমূর্ষ রোগীকে বাঁচাতে অনেক সময় প্রচুর রক্তের প্রয়োজন হয় এছাড়া প্রতিষ্ঠানে কর্মরত মহিলাদের গর্ভাবস্থা এবং প্রসবকালীন জটিলতাসহ বিভিন্ন কারণে রক্তের প্রয়োজন হয়। যাদের রক্তের প্রয়োজন আছে তারা যাতে অতিদ্রুত সময়ে বিশুদ্ধ রক্ত পেতে পাড়েন তা সুনিশ্চিত করতে রক্তদান সচেতনতা বাড়াতে হবে।

বিজিএমইএ মানুষের কল্যাণে বিভিন্ন সময়ে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে থাকে। এই ধারাবাহিকতায় বিজিএমইএ আগামী ১৮-২৪ জুন ২০২৩ পর্যন্ত “স্বৈচ্ছায় রক্তদান” সপ্তাহ পালন করার উদ্যোগ গ্রহণ করেছে। এই কর্মসূচীর আওতায় আপনার কারখানার এবং অফিসের কর্মকর্তা/কর্মচারী এবং শ্রমিক ভাই-বোনদের স্বৈচ্ছায় রক্তদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

এই কর্মসূচী বিজিএমইএ কার্যালয়ে ১৮ জুন ২০২৩ তারিখ শুরু করা হবে। বিজিএমইএ’র উদ্যোগে প্রধান কার্যালয়ে “বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি” স্বৈচ্ছায় রক্তদান কর্মসূচীর অয়োজন করবে।

সদস্যভুক্ত করখানাগুলোতে একই সাথে কর্মসূচী পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। পাশাপাশি বিকেএমইএ, বিটিএমইএ, ক্রেতা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী এবং অন্যান্য সকল অংশীজনদের’কে এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে অনুরোধ জানাচ্ছি।

সোশ্যাল মিডিয়ায় (# ট্যাগ) এর মাধ্যমে কর্মসূচী প্রদর্শিত হবে।

বিজিএমইএ’র সকল সদস্যভুক্ত করখানাগুলোকে নিম্নের রক্তদান সংস্থার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

ক্রমিক নং	রক্তদান সংস্থার নাম	ফোন নাম্বার	ঠিকানা
১।	সন্ধানী স্বৈচ্ছাসেবী সংগঠন	০১৬৭৫১৭৩৮৪১	সন্ধানী ভবন, ৩৩/২. নিলক্ষেত, বাবুপাড়া, সন্ধানী রোড, ঢাকা-১২০৫
২।	কোয়ান্টাম ফাউন্ডেশন	০১৭১৪০৪৭৬৩৬	৩১/ভি (নীচ তলা), শিল্পচার্য জয়নুল আবেদিন সড়ক, শান্তিনগর ঢাকা-১২১৭
৩।	এক টাকার আহার (বিদ্যানন্দ)	০১৮৭৮১১৬২৩৪	বাড়ী #১৩(১ম তলা), রোড# ২/বি, পল্লবী আর/এ, মিরপুর, ঢাকা-১২১৬
৪।	বাঁধন ফাউন্ডেশন	০১৭৯৯৯৮৩৯৪৪	টি এসসি (নিচ তলা), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

চলমান পাতা ০১/০২

বাংলাদেশ তৈরি

৫।	পাথওয়ে কেয়ার বাংলাদেশ	০১৬১৫৯০৮০১০	বাড়ী # ২, রোড # ৬, সেনপাড়া, ঢাকা
৬।	রেডিয়াম ব্লাড ব্যাংক সেন্টার	০১৭২৩৪৩৫৩২৩	মুক্তিযোদ্ধা টাওয়ার, ঢাকা
৭।	ব্লাডম্যান বাংলাদেশ	০১৭২২০৫৯৩৩	রোড# ০২, ধানমন্ডি, ঢাকা-১২০৫
৮।	রিদম ব্লাড সেন্টার	০১৮৫৪৮০৮৭৬৬	২৩৪/ডি, খাইরুনেনসা মেনশন (প্রথম তলা), কাটাবন, নিউ এ্যালিফেন্ট রোড, ঢাকা-১২০৫
৯।	স্বাধীন ব্লাড ব্যাংক	০১৭০৭৬২৭৩১২	১৪/২, নওয়াব কাটরা নিমতোলি, ঢাকা।


রক্তদাতা নির্বাচনে করণীয় নিম্নরূপ :

- ০১। রক্তদাতা প্রাপ্ত বয়স্ক (২০ বছর) এবং ওজন ৫০ কেজির উপরে হতে হবে।
- ০২। রক্ত গ্রহণের পূর্বে রক্ত দাতার উচ্চ রক্তচাপ স্বাভাবিক আছে কিনা তা নিশ্চিত হতে হবে।
- ০৩। রক্ত গ্রহণের পূর্বে দাতাকে বিশুদ্ধ পানি খাওয়াতে হবে এবং রক্ত দান শেষে ২০ মিনিট বিশ্রাম নিতে হবে।
- ০৪। রক্ত গ্রহণের পূর্বে দাতাকে অবশ্যই পূর্ব রক্তদান ১২০ দিন পূর্ণ হয়েছে কিনা সেটা নিশ্চিত হতে হবে।

বিজিএমইএ'র মনিটরিং অফিসারগণ জোন অনুযায়ী কার্যক্রম মনিটর করবেন।

"স্বচ্ছায় রক্তদান" সপ্তাহ পালন কর্মসূচী সফল করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

চলমান পাতা ০২/০২